

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৮১৬

আগরতলা, ১৪ নভেম্বর, ২০২৪

নতুনদিল্লির প্রগতি ময়দানে শুরু হলো '৪৩তম ইন্ডিয়া ইন্টারন্যাশনাল ট্রেড ফেয়ার-২০২৪'  
ত্রিপুরা প্যাভিলিয়নের উদ্বোধন করলেন শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা



আজ এক বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্য দিয়ে নতুনদিল্লির প্রগতি ময়দানের ভারত মণ্ডপে শুরু হয়েছে ৪৩তম ইন্ডিয়া ইন্টারন্যাশনাল ট্রেড ফেয়ার। অন্যান্য বছরের মতো এবারও ত্রিপুরা এই মেলায় অংশগ্রহণ করেছে। ১৪ নভেম্বর থেকে ২৭ নভেম্বর পর্যন্ত চলা এই মেলায় ভারত মন্ডপে ত্রিপুরা প্যাভিলিয়নের উদ্বোধন করেন রাজ্যের শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রী সান্ত্বনা চাকমা। উপস্থিত ছিলেন ত্রিপুরা চা উন্নয়ন নিগমের চেয়ারম্যান সমীর রঞ্জন ঘোষ সহ রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের পদস্থ আধিকারিকগণ।

ত্রিপুরা প্যাভিলিয়নে বিভিন্ন বিষয়ের উপর প্রদর্শনী ও রাজ্যে উৎপাদিত পণ্য সামগ্রী নিয়ে অংশগ্রহণ করেছে বিভিন্ন দপ্তর ও স্বশাসিত সংস্থা। এরমধ্যে উল্লেখযোগ্য পর্যটন দপ্তর, হস্ততাঁত ও কারুশিল্প দপ্তর, ননটিস্বার ফরেস্ট প্রোডাক্টস সেন্টার অব এক্সিলেন্স, ত্রিপুরা টি ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড, টিআরএলএম, টিইউএলএম, টিএফডিপিসি এবং রাবার বোর্ড। এই মেলায় প্রথম পাঁচদিন 'বিজনেস ডে' হিসেবে পালিত হবে। এতে জাতীয় স্তরের ইনভেস্টাররা উৎসাহ নিয়ে ত্রিপুরা প্যাভিলিয়নে আসবেন বলে আশা প্রকাশ করা যাচ্ছে। ইনভেস্টাররা যেন ত্রিপুরায় আরও বেশি বিনিয়োগ করতে উৎসাহিত হন তারজন্য প্রয়োজনীয় পরামর্শ ও দিশা নির্দেশ করার লক্ষ্যে ত্রিপুরার প্যাভিলিয়ন উল্লেখযোগ্য ভূমিকা নেবে বলে আশা প্রকাশ করা হচ্ছে। শিল্প ও বাণিজ্য দপ্তরের পক্ষ থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*